

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৫.২০১৭-

১৭৫

তারিখঃ ৫/১১/১৭ খ্রিঃ।

## আদেশ

যেহেতু, জনাব জোবায়ের মোহাম্মদ ইকবাল, ক্যাশিয়ার, যুব উন্নয়ন অধিদপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ-এর বিরুদ্ধে ১১-০১-২০১৫ খ্রিঃ তারিখ হতে ১২-২-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে অধিদপ্তরের ১১-৫-২০১৭ খ্রিঃ তারিখের ৯১ সংখ্যক স্মারকে অসদাচরণ ও ডিজারশনের দায়ে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা চালু করা হয়।

০২। যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে কোন জবাব দাখিল না দেয়ায় এবং ব্যক্তিগত শুনানী না চাওয়ায় তাকে শুনানী দেয়া সম্ভব হয়নি। তৎপ্রেক্ষিতে অভিযোগের সুষ্ঠু ও ন্যায্য নিষ্পত্তির স্বার্থে অভিযোগের বিষয়ে বিভাগীয় তদন্ত করা হয়। বিভাগীয় তদন্তে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ার কোন তাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না সে মর্মে গত ১১-৯-২০১৭ খ্রিঃ তারিখে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়। কিন্তু তার কর্মস্থলে এবং স্থায়ী ঠিকানায় কোথাও তাকে পাওয়া না যাওয়ায় তার 'মা' এর কাছে পত্রটি জারী করা হয়।

অভিযুক্ত কর্মচারী ২য় কারণ দর্শানো নোটিশের কোন জবাব দেননি; কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগও করেননি।

০৩। যেহেতু, নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে তিনি এখন পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং তার সার্বিক অবস্থান সম্পর্কে অফিসের কেউ নিশ্চিত নন। সার্বিক পর্যালোচনায় অভিযুক্ত কর্মচারী জনাব জোবায়ের মোহাম্মদ ইকবাল, ক্যাশিয়ার, মুক্তাগাছা, ময়মনসিংহ-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুসারে যথাক্রমে অসদাচরণ ও ডিজারশনের অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো।

০৪। সেহেতু, এক্ষণে জনাব জোবায়ের মোহাম্মদ ইকবাল, ক্যাশিয়ার-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫এর ৪(৩)(সি) মতে 'চাকুরী হতে অপসারণ' (Removal from Service) দণ্ডে দণ্ডিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন- ৯৫৫৯৩৮৯।

জনাব জোবায়ের মোহাম্মদ ইকবাল, ক্যাশিয়ার, যুব উন্নয়ন অধিদপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ।

## বর্তমান ঠিকানাঃ

জনাব জোবায়ের মোহাম্মদ ইকবাল, নাজমা ম্যানশন-এর বিপরীতে টিনসেড বাসা, প্রভাতী সেনাবাইলেন, সানকিপাড়া, ময়মনসিংহ।

## স্থায়ী ঠিকানাঃ

জনাব জোবায়ের মোহাম্মদ ইকবাল, পিতা মৃতঃ মোবারক আলী ১৭/এ মধুবাগ(নয়াটোলা) মগবাজার, ঢাকা-১২১৭।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৫.২০১৭-

২৭৫

তারিখঃ ৫/১১/১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ।
- ০২। সহকারী পরিচালক(প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ।
- ০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর, ময়মনসিংহ- প্রাপকের বর্তমান ঠিকানায় পত্রটি বিলিপূর্বক (প্রাপককে পাওয়া না গেলে প্রাপকের আত্মীয়স্বজনকে, গ্রহনকারীর নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা ও ন্যূনপক্ষে দুইজন স্বাক্ষীর সাক্ষের তারিখ উল্লেখপূর্বক নাম ঠিকানা সহ) সার্ভিস রিটার্ন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে নির্দেশ প্রদান করা হলো।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মতিঝিল ইউনিট থানা, যুব উন্নয়ন অধিদপ্তর, ৪৫৫/সি, মালিবাগ, খিলগাঁও, ঢাকা- প্রাপকের স্থায়ী ঠিকানায় পত্রটি বিলিপূর্বক (প্রাপককে পাওয়া না গেলে প্রাপকের আত্মীয়স্বজনকে, গ্রহনকারীর নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা ও ন্যূনপক্ষে দুইজন স্বাক্ষীর সাক্ষের তারিখ উল্লেখপূর্বক নাম ঠিকানা সহ) সার্ভিস রিটার্ন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে নির্দেশ প্রদান করা হলো।

(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক(শৃংখলা)  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।